



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি ইন্দুরকানী কলেজ ইন্দুরকানী, পিরোজপুর।

EIIN : 102986 ; POST CODE : 5202 ; WEBSITE : www.gic.ac.bd ; E-MAIL : indurkanicollege@gmail.com ; gicpirojpur@gmail.com

তফসিলী উপবৃত্তির বিজ্ঞপ্তি

রাজস্ব খাতভুক্ত উপবৃত্তির জন্য [সংখ্যালঘু সম্প্রদায়, তফসিলী (হিন্দু/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র গৃ-গোষ্ঠী)] শিক্ষার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান।

আবেদন ফরম গ্রহণ ও জমাদানের স্থান : কলেজ অফিস।

আবেদন ফরম গ্রহণ ও জমাদানের তারিখ : ৩০/০১/২০২৩ থেকে ১২/০২/২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত।

দায়িত্বপ্রাপ্ত শিক্ষক : ১। জনাব শুশীল কুমার হালদার, প্রভাষক, বাংলা বিভাগ, সরকারি ইন্দুরকানী কলেজ

২। জনাব চঞ্চল কুমার সিকদার, প্রদর্শক, পদার্থবিজ্ঞান, সরকারি ইন্দুরকানী কলেজ

বিশেষ প্রয়োজনে যোগাযোগের জন্য মোবাইল নম্বর : 01715849458

তফসিলী উপবৃত্তির আবেদন পত্রের সাথে শিক্ষার্থীকে যে সকল কাগজপত্র বা প্রমাণপত্র সংযুক্ত করতে হবে :

১। আবেদনকারী শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবি;

২। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি;

৩। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ ডিজিট অথবা ১৭ ডিজিট);

৪। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ ডিজিট অথবা ১৭ ডিজিট);

৫। বিভিন্ন সম্প্রদায় সনাক্তকরণের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদেয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

৬। তফসিলী (হিন্দু/বৌদ্ধ/খ্রীস্টান/সশস্ত্র বাহিনী/দৃষ্টি প্রতিবন্ধী/প্রতিবন্ধী (দৃষ্টি ও অটিস্টিক ব্যতীত)/অটিস্টিক/উপজাতীয় (ক্ষুদ্র গৃ-গোষ্ঠী) শিক্ষার্থীদের স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র।

৭। শিক্ষাগত যোগ্যতার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত ফটোকপি।

শর্তাবলী :

১। সরকারি ইন্দুরকানী কলেজের এইচএসসি একাদশ ও দ্বাদশ শ্রেণি, এইচএসসি (বিএমটি) একাদশ ও দ্বাদশ শ্রেণি, স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) শ্রেণির সকল বর্ষের সংখ্যালঘু সম্প্রদায় ও তফসিলী শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

২। সংখ্যালঘু সম্প্রদায় ও তফসিলী উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/যথায়থ কর্তৃপক্ষের নীতিমালা প্রযোজ্য হবে।

৩। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে। যৌথ নামে ব্যাংক হিসাব খোলা হলে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম দিতে হবে।

৪। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের হতে হবে, হিসাবটি সচল (Active) থাকতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।

৫। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।

৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

সজ্জিত কুমার সাহা
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

সরকারি ইন্দুরকানী কলেজ
ইন্দুরকানী, পিরোজপুর।

তারিখ : ২৫/০১/২০২৩ খ্রি.